

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৪০২	তারিখঃ- ১৪/১১/২২	প্রকৌশলীর স্বাক্ষরঃ	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৪৪.২১.৯৫৮

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯

০৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন " চট্টগ্রামের আগ্রাবাদস্থ সিজিএস কলোনীতে জরাজীর্ণ ১১টি ভবনের স্থলে ৯টি বহুতল আবাসিক ভবনে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৬৮৪টি ফ্ল্যাট নির্মাণ" শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড-২২৪২৭৩৮০০) অনুকূলে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে ১ম কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ১ম কিস্তি বাবদ মোট= ২২৭৩.৭৫ লক্ষ (বাইশ কোটি তিয়াত্তর লক্ষ পঁচাত্তর হাজার) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কিস্তির নাম	কোড/খাতের বিবরণ		অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)	
			কোড নং	খাতের নাম	আবর্তক	মূলধন
চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-২, চট্টগ্রাম	চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-৪, চট্টগ্রাম	১ম	৩২২১১০৭	অনুলিপি ব্যয়	১.৭৫	--
			৩২৪৩১০২	গ্যাস ও জ্বালানী	০.৫০	--
			৩২৫৫১০৪	স্ট্যাম্প ও সিল	০.৭৫	--
			৪১১১১০১	আবাসিক ভবন	--	১৯৫০.০০
			৪১১২২০১	অনাবাসিক ভবন	--	২১৮.৭৫
গণপূর্ত ই/এম সার্কেল, চট্টগ্রাম	গণপূর্ত ই/এম বিভাগ-২, চট্টগ্রাম		৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	--	১০২.০০
মোট=					৩.০০	২২৭৩.৭৫
সর্বমোট=					২২৭৩.৭৫	

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-২, চট্টগ্রাম ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/১৬৭ তারিখ-২১/০৮/২০২২খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট= ২২৭৩.৭৫ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪২৭৩৮০০-৩২২১১০৭, ৩২৪৩১০২, ৩২৫৫১০৪, ৪১১১১০১, ৪১১২২০১ এবং ৪১১২৩০৩ খাতসমূহের ২০২২-২০২৩ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৬ এবং পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভিত)।